# Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 14 May, 2025

নেত্রকোণার দুর্গাপুরে বজ্রপাতে এক হতদরিদ্র কৃষকের দুটি গরুর মৃত্যু হয়েছে।বুধবার সকালে উপজেলার কুল্লাগড়া ইউনিয়নের চীনাকুরি বিলে এ ঘটনা ঘটে। নিহত গরুগুলোর মালিক নেতপাড়া গ্রামের বাসিন্দা কৃষক জামাল মিয়া (৩০)।গরু দুটির বাজারমূল্য প্রায় এক লাখ টাকা বলে জানা গেছে।

স্থানীয় সূত্রে জানা যায়, সকালে জামাল মিয়া তার দুইটি গরু চীনাকুরি বিলে ঘাস খাওয়ানোর জন্য ছেড়ে দেন।কিছুক্ষণ পর হঠাৎ বৃষ্টির সঙ্গে বজ্রপাত শুরু হলে গরু দুটি ঘটনাস্থলেই মারা যায়।

বৃষ্টি থামার পর জামাল মিয়া মাঠে গিয়ে গরু দুটিকে মৃত অবস্থায় দেখতে পান।এসময় তিনি কান্নায় ভেঙে পড়েন।

কান্নাজড়িত কণ্ঠে কৃষক জামাল মিয়া বলেন, "আমি অন্যের জমিতে কৃষি কাজ করে সংসার চালাই।গরু দুটি লালন-পালন করে অনেক কষ্টে একটু সহায়তা পেতাম।আজ সব হারালাম। এটা আমার জন্য অপূরণীয় ক্ষতি।'

স্থানীয় বাসিন্দা আজারুল ইসলাম রিয়ান বলেন, “একজন দরিদ্র কৃষকের বড় ধরনের ক্ষতি হয়ে গেল।গরু দুটির আনুমানিক মূল্য এক লাখ টাকা।আমি সরকারের কাছে দাবি জানাই, যেন জামাল মিয়ার ক্ষতির কিছুটা হলেও পুষিয়ে দেওয়া হয়।”

এ বিষয়ে জানতে চাইলে দুর্গাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) নাভিদ রেজওয়ানুল

কবীর বলেন, “ঘটনাটি অত্যন্ত দুঃখজনক।ক্ষতিগ্রস্ত কৃষককে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সহায়তার আশ্বাস দেওয়া হয়েছে।”

বজ্রপাত মৃত্যু

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:00

URL: https://www.timestodaybd.com/mymensingh/2487977310